# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 25.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর:-

১/ এবছরের ডিসেম্বর থেকে আবাস যোজনায় ১১ লক্ষ পরিবারকে বাড়ি করার প্রথম কিস্তির টাকা দেওয়ার জন্য সমীক্ষায় কেন্দ্রের সঙ্গে বিবাদের বিষয়গুলি বাদ দেবার সিদ্ধান্ত হয়েছে।

২/ দীর্ঘ আইনি জটিলতা শেষে উচ্চ প্রাথমিকে ১৪ হাজার ৫২ জনের প্যানেল আজ প্রকাশ করেছে SSC ।

৩/ RG Kar কান্ডের প্রেক্ষিতে সরকারি হাসপাতালের বেসরকারি নিরাপত্তা কর্মীদের প্রশিক্ষণ দেবে রাজ্য সরকার।

# এদিকে, RG Kar-এ ‘হুমকি সংস্কৃতি’র তদন্তেকারী কমিটির সামনে ১২ জন অভিযুক্তের হাজিরাকে কেন্দ্র করে আজ পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

৪/ উত্তর ২৪ পরগণার বসিরহাটের সাংসদ হাজি নুরুল ইসলাম প্রয়াত।

৫/ নতুন করে নিম্নচাপের ভ্রুকুটিতে রাজ্যের ১৮টি জেলায় সতর্কতা জারি করা হয়েছে।

*******************************************************************

মুখ্যমন্ত্রীর ঘোষণা মত চলতি বছরের ডিসেম্বর মাস থেকেই রাজ্য সরকার আবাস যোজনায় ১১ লক্ষ পরিবারকে বাড়ি করার জন্য প্রথম কিস্তির টাকা দেওয়া শুরু করে দেবে। এজন্য পুজোর আগেই রাজ্যজুড়ে প্রাপকদের তালিকা খতিয়ে দেখতে

চূড়ান্ত পর্যায়ের সমীক্ষা শুরু হবে। যাদের নাম আবাস প্রাপকদের তালিকায় রয়েছে তারা বাড়ি পাওয়ার উপযুক্ত তা খতিয়ে দেখতেই এই সমীক্ষা। জেলাশাসকদের চলতি মাসের মধ্যেই জেলাওয়াড়ি আবাস যোজনার উপভোক্তাদের স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত তালিকা তৈরি করে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। সেই তালিকা খতিয়ে দেখার পর চূড়ান্ত পর্য়ায়ের সমীক্ষা করা হবে। তার পরেই নির্ধারিত সূচি মেনে আবাস প্রাপকদের প্রথম কিস্তির ১ লক্ষ ২০ হাজার টাকা করে দেওয়ার কাজ শুরু করা হবে বলে জানা গেছে।

এর প্রক্রিয়াগত বিষয় স্থির করতে আজ নবান্নে বৈঠক বসে। মুখ্যসচিবের পৌরহিত্যে ওই বৈঠকে পঞ্চায়েত দফতরের সচিব এবং জেলা শাসকেরা ভার্চুয়ালি উপস্থিত ছিলেন। জানা গেছে, সমীক্ষার জন্য গাইডলাইন নিয়ে বৈঠকে আলোচনা করে তা চূড়ান্ত করা হয়েছে।

আবাস যোজনাকে ঘিরে কেন্দ্রের সঙ্গে রাজ্যের বিবাদ যে যে বিষয়কে কেন্দ্র করে, সেগুলি এবারের সমীক্ষায় বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

***************

দীর্ঘ আইনি জটিলতা কাটিয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে রাজ্য স্কুল সার্ভিস কমিশন আজ ২০১৬ সালের উচ্চ প্রাথমিকের শিক্ষক নিয়োগের প্যানেল প্রকাশ করেছে। আগের প্যানেলে বাদ যাওয়া এক হাজার ৪৩৬ জনের নামের তালিকা যুক্ত করে মোট ১৪ হাজার ৫২ জনের নামের তালিকা প্রকাশ করা হয়েছে। কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে তালিকা দেখা যাবে। কাউন্সেলিং প্রক্রিয়া শেষ করে চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করা হবে। উল্লেখ্য, উচ্চ প্রাথমিকের ১৪ হাজারেরও বেশি শূন্য পদে নিয়োগের জন্য মেধা তালিকা প্রকাশ করতে কলকাতা হাইকোর্টের নির্দেশ সুপ্রিম কোর্ট গতকাল বহাল রাখে।

***************

আর জি কর কাণ্ডের প্রেক্ষাপটে সরকারি হাসপাতালের ওয়ার্ডে বহিরাগতদের আটকানোর পাশাপাশি কর্মরত চিকিৎসক, নার্স সহ স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় কলকাতার সমস্ত মেডিকেল কলেজ হাসপাতালের বেসরকারি নিরাপত্তা কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। কলকাতা পুলিশের আধিকারিকদের দিয়েই

তাঁদের প্রশিক্ষণ দেওয়া হবে। আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ খুনের ভয়ঙ্কর ঘটনার জেরেই এই পদক্ষেপ বলে খবর। চিকিৎসকদের মনে নিরাপত্তা নিয়ে আস্থা ফেরাতে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ করতে বলেছে সুপ্রিম কোর্টও।

রাজ্য স্বরাষ্ট্র দফতরের কাছ থেকে নির্দেশ পাওয়ার পর কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (সদর) মিরাজ খালিদ, কলকাতার সব থানার ওসি, ডিসি এবং যুগ্ম কমিশনারদের লিখিত নির্দেশিকা জারি করেছেন।

ধাপে ধাপে এই প্রশিক্ষণ দেবে কলকাতা পুলিশ। আপাতত ঠিক হয়েছে, প্রথম পর্যায়ে ৩ দিনের প্রশিক্ষণ দেওয়া হবে। কলকাতা পুলিশের দুই যুগ্ম কমিশনার এবং একজন ডেপুটি কমিশনারকে এই প্রশিক্ষণের খুঁটিনাটি তৈরি করার দায়িত্ব দেওয়া হয়েছে।

***************

RG Kar মেডিকেল কলেজ হাসপাতালে ‘হুমকি সংস্কৃতি’র বিষয়টি প্রকাশ্যে আসার পর  তার তদন্তে গঠিত অভ্যন্তরীণ কমিটি আজ ৫১ জন অভিযুক্তের মধ্যে ১২ জনকে ডেকে পাঠায়। তাদের দেখেই জুনিয়ার ডাক্তাররা স্লোগান দিতে শুরু করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।  অভিযুক্তদের জিজ্ঞাসাবাদের পাশাপাশি সাক্ষীদের কথা শোনা হয়। জুনিয়ার ডাক্তারদের স্লোগান প্রসঙ্গে তদন্ত কমিটির এক সদস্য জানান, দীর্ঘ দিন ধরে বিভিন্ন ধরণের হেনস্থা, নির্যাতনের কথা তাঁরা বলতে পারেননি। স্বাভাবিকভাবেই সেই ক্ষোভ এখন প্রকাশ পাচ্ছে।

এদিকে, চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলকে শিয়ালদা আদালত ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

চিকিৎসক তরুণীর দেহের প্রধান ময়নাতদন্তকারী অপূর্ব বিশ্বাসকে আজ আবার সি জি ও কমপ্লেক্সে তলব করে সি বি আই। আর জি করের ফরেন্সিক মেডিসিন বিভাগের এই অধ্যাপককে এই নিয়ে টানা চারদিন জেরা করছেন তদন্তকারীরা। একজন ডোম এবং মর্গের এক কর্মীও আজ সি জি ও কমপ্লেক্সে যান। গত রবিবার সি বি আই-এর দপ্তর থেকে বেরোনোর সময় অপূর্ব বিশ্বাসের একটি মন্তব্যে

শোরগোল পড়ে যায়। তিনি জানান, সেদিনই ময়নাতদন্ত না হলে রক্তগঙ্গা বয়ে যাবে বলে তাঁকে চাপ দিয়েছিলেন এক প্রাক্তন কাউন্সিলার। নিয়ম বিরুদ্ধভাবে সন্ধ্যায় ময়না তদন্ত এবং তড়িঘড়ি দেহের সৎকারের বিষয়টি নিয়েও তদন্ত করছে সিবিআই।

সন্দীপ ঘনিষ্ঠ এবং বহুচর্চিত উত্তরবঙ্গ লবির চিকিৎসক হিসেবে পরিচিত ডাক্তার সুশান্ত রায়কেও আজ সিজিও কমপ্লেক্সে ডাকা হয়েছিল। দুপুর ২'টো নাগাদ তিনি হাজির হন। বেরিয়ে যান সন্ধ্যে ৬'টার পর।

***************

কোচবিহারের মহারাজা জিতেন্দ্র নারায়ন মেডিক্যাল কলেজে হুমকি সংস্কৃতিতে অভিযুক্ত দুই চিকিৎসক, কোচবিহার এক নম্বর ব্লকের BMOH দীপায়ন বসু এবং ওই ব্লকের'ই আরেক চিকিৎসক সংবেদ ভৌমিককে কোচবিহার মেডিক্যাল কলেজে ঢুকতে নিষেধ করা হয়েছে। কলেজ কাউন্সিলের বৈঠকে আজ এই নিষেধাজ্ঞা জারির সিদ্ধান্ত হয় বলে জানিয়েছেন অধ্যক্ষ নির্মল কুমার মন্ডল। এর পাশাপাশি এতোদিন যারা ছাত্র প্রতিনিধি ছিল, তাঁদের আর মান্যতা দেওয়া হবে না। অভিযোগ, ওই দুই চিকিৎসক মেডিক্যাল কলেজের ক্যাম্পাসে এসে ছাত্রদের উত্যক্ত করতেন। যদিও কোনোভাবেই তারা এই মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত নন।

***************

আরজিকরের ঘটনার ন্যায়বিচারের দাবিতে আজ কলকাতায় প্রদেশ কংগ্রেস এবং রাজ্য বিজেপি বিক্ষোভ কর্মসূচি পালন করে।

হাজরা মোড়ের সমাবেশে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, তৃণমূল কংগ্রেস সরকারকে রাজ্য থেকে গণতান্ত্রিক পদ্ধতিতে অপসারিত করতে বিজেপি লড়াই চালিয়ে যাবে। আর জি কান্ডে পুলিশ যেভাবে তথ্য প্রমাণ লোপাটের চেষ্টা করেছে, তাতে পুলিশ মন্ত্রী হিসেবে মুখ্যমন্ত্রীর লজ্জা পাওয়া এবং পদত্যাগ করা উচিত।

(বাইট- সুকান্ত)

সরকার ঘনিষ্ঠ বুদ্ধিজীবীদের ভূমিকার সমালোচনাও করেন বিজেপির রাজ্য সভাপতি।

সভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, তরুনী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ন্যায় বিচারের দাবিতে আড়াই কোটি মানুষের স্বাক্ষর সংগ্রহ করে তা রাজ্যপালকে দেওয়া হবে। এই ঘটনার প্রতিবাদে একই দিনে কালীঘাট ও নবান্ন অভিযান কর্মসূচি পালনের কথাও জানান তিনি।

***************

RG Kar–এ তরুণী চিকিতসকের ধর্ষণ খুনের প্রতিবাদে এবং প্রকৃত দোষীদের শাস্তির দাবীতে প্রদেশ কংগ্রেস, ধর্মতলার ডোরিনা ক্রসিং-এ আজ দুদিনের ধর্না কর্মসূচী শুরু করেছে। নব নিযুক্ত সভাপতি শুভঙ্কর সরকার, অধীর রঞ্জন চৌধুরী, মনোজ চক্রবর্তী, কৃষ্ণা দেবনাথ প্রমুখ ধর্না মঞ্চে উপস্থিত ছিলেন।

এই কর্মসূচীকে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেস নেতা, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম। তাঁর কথায়, এরাজ্যে কংগ্রেসের কোন অস্তিত্ব নেই। বিজেপি ও সি পি এম-এর দেখাদেখি তারাও ধর্নায় বসেছে।

***************

পূর্ববর্ধমানের জেলাশাসক কে রাধিকা আইয়ারকে স্বাস্থ্য দফতরের বিশেষ সিনিয়র সচিব পদে বদলি করা হয়েছে। তাঁর জায়গায় নতুন জেলাশাসক হলেন আয়েশা রানি। তিনি মেদিনীপুর ডিভিশনাল কমিশনার ছাড়াও গ্রামীণ জীবন ও জীবিকা মিশনের অধিকর্তা ছিলেন।

এদিকে, আয়েশা রানীর জায়গায় মেদিনীপুরের ডিভিশনাল কমিশনারের দায়িত্ব দেওয়া হল শ্রম সচিব অবনীন্দ্র সিং কে। এছাড়াও এদিন ১১ জন নতুন আইএএসকে মহকুমাশাসক পদে উন্নীত করা হয়েছে। আজ এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কর্মী বর্গ ও প্রশাসনিক দপ্তর।

***************

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে এক বিজেপি নেত্রীর বাড়িতে ভাঙচুর ও তাঁকে মারধোরের অভিযোগ উঠেছে তৃনমুল কংগ্রেসের বিরুদ্ধে। বর্তমানে তিনি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। ২৪ ঘন্টা কেটে গেলেও পুলিশ কোনো পদক্ষেপ না নেওয়ায়, বিজেপি কর্মী সমর্থকরা আজ দুর্গাপুরে নিউ টাউনশিপ থানার সামনে বিক্ষোভ দেখান। দোষীদের গ্রেপ্তারের দাবিতে স্মারকলিপিও জমা দেন তাঁরা।

জানা গেছে, গতকাল দুপুরে ২৭ নং ওয়ার্ডের বাসিন্দা ঝুমা চক্রবর্তীর বাড়িতে শাসক দলের লোকজন ঢুকে আসবাবপত্র ভাঙচুর করে। লোহার রড দিয়ে ঐ বিজেপি নেত্রীকে মারধোরও করা হয় বলে অভিযোগ।

***************

উত্তর ২৪ পরগণার বসিরহাটের সাংসদ হাজি নুরুল ইসলাম প্রয়াত। আজ দুপুরে দত্তপুকুরের বহেরা গ্রামে নিজের বাড়িতেই শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। বয়স হয়েছিল ৬১ বছর। দীর্ঘদিন ধরে যকৃতের ক্যান্সারে আক্রান্ত ছিলেন সাংসদ।

২০০৯ সালের লোকসভা ভোটে বসিরহাট আসনে তৃণমূল কংগ্রেসের হয়ে প্রতিদ্বন্দিতা করে প্রথমবার সাংসদ হন হাজি নুরুল ইসলাম। ২০১৪-র নির্বাচনে জঙ্গিপুর আসনে কংগ্রেস প্রার্থী অভিজিৎ মুখার্জির কাছে তিনি পরাজিত হন। ২০১৬-র বিধানসভা ভোটে বসিরহাট লোকসভা কেন্দ্রের অন্তর্গত হাড়োয়া বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী হিসেবে জয়ী হন তিনি। ২০২১–এ ওই কেন্দ্র থেকেই তিনি নির্বাচিত হন। ২০২৪ –এর লোকসভা নির্বাচনে বসিরহাট আসনে ফের তাকে প্রার্থী করে দল। বিজেপির রেখা পাত্রকে ৩ লক্ষের বেশি ভোটে হারিয়ে দ্বিতীয়বারের জন্য সাংসদ হন হাজি নুরুল ইসলাম।

অশোক নগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক, জেলা পরিষদের সভাধিপতি নারায়ন গোস্বামী আজ সাংসদের বাড়িতে গিয়ে তাঁর পরিবারের প্রতি সমবেদনা জানান।

পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম, বারাসাতের সাংসদ কাকলি ঘোষ দস্তিদার, বিধানসভার পুর নিগমের চেয়ারম্যান সব্যসাচীদত্ত সন্ধ্যায় নুরুল ইসলামের বাড়িতে যান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নুরুল ইসলামের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন।

***************

পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের ওপর নতুন করে তৈরী হওয়া নিম্নচাপ অঞ্চলের ফলে প্রবল বৃষ্টির আশঙ্কায় পশ্চিমবঙ্গের ১৮ টি জেলায় বন্যার সতর্কতা জারী করা হয়েছে। ইতিমধ্যেই বেশ কয়েকটি জেলা বন্যা কবলিত। সেখানে পরিস্থিতি আরও খারাপ হতে পারে বলে মনে করা হচ্ছে। উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ জারী করা হয়েছে লাল সতর্কতা। পাহাড়ি এলাকার বাসিন্দাদের ভূমিধ্বসের ব্যাপারে সতর্ক থাকতে বলা হয়েছে। আজ ১০ নম্বর জাতীয় সড়কের একাংশ ধ্বস পরে বন্ধ হয়ে যায়। দক্ষিণ বঙ্গের ৫ জেলার ভারী বৃষ্টির কমোলা এবং ১০ জেলায় হলুদ সতর্কতা জারী করেছে আবহাওয়া দপ্তর। জানা গেছে, বৃষ্টির পরিমাণ বাড়লে ডিভিসি ব্যারেজগুলি থেকে নতুন করে জল ছাড়তে বাধ্য হবে। ফলে স্বাভাবিকভাবেই বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

সাম্প্রতিক বন্যার সময় রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, ডিভিসির সঙ্গে সম্পর্ক ছিন্ন করার যে ঘোষনা করেছিলেন, ডিভিসির কর্মচারী সংগঠনের পক্ষ থেকে তা পুনর্বিবেচনা করার জন্য চিঠি দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীকে লেখা ঐ চিঠিতে ডিভিসির বাঁধ নিয়ন্ত্রণ কমিটি DVRRC থেকে আধিকারিকদের সরিয়ে নেওয়ার ব্যাপারটিও খতিয়ে দেখতে বলা হয়েছে।

***************

হাওড়ার বন্যা কবলিত উদয়নারায়নপুর ব্লকের বেশীরভাগ জায়গা থেকেই জল নেমে গেলেও, আমতা দু-নম্বর ব্লকে অমরাগড়ি ও ঝিকিরা গ্রাম পঞ্চায়েতে এখনো জল আছে। জেলা কৃষি দপ্তর সূত্রে জানা গেছে, ছ'টি ব্লক, ৪৮টি গ্রাম পঞ্চায়েত ও ২২৮টি মৌজা প্লাবিত হয়। নষত হয়েছে ১৩ হাজার ৭০০ হেক্টর কৃষি জমির ফসল। ক্ষতিগ্রস্ত হয়েছেন জেলার ৪৮ থেকে ৪৯ হাজার কৃষক। মৎস্য দপ্তরের তথ্য অনুযায়ী প্রায় ৬৪২ হেক্টর জলাশয়ে মাছ চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

অন্যদিকে, পশ্চিম মেদিনীপুরে ঘাটালের বহু এলাকা এখনো এক কোমর জলের নীচে। বেড়েছে বিষধর সাপের উপদ্রব।

***************

বঙ্গোপসাগরে ট্রলার ডুবিতে নিখোঁজ মৎস্যজীবী পাদুরি দাসের দেহ উদ্ধার করা হয়েছে। বকখালি থেকে বেশ কিছুটা দূরে গভীরে সমুদ্রে গতকাল বিকেল নাগাদ তাঁর দেহ ভাসতে দেখা যায়। ফ্রেজারগঞ্জ উপকূল থানার পুলিশ সেটি উদ্ধার করে নামখানা ব্লক হাসপাতালে নিয়ে যায়। পাদুরি দাসের পরিবার আজ তাঁর দেহ শনাক্ত করেন।

উল্লেখ্য, গত শুক্রবার ভোর রাতে ঝড়ের মধ্যে পড়ে এফবি বি গোবিন্দ নামে ট্রলারটি উল্টে যায়। ৮ জনকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়। পরে ট্রলারের কেবিন থেকে উদ্ধার হয় ৮ জনের দেহ। মোট ১৭ জন মৎস্যজীবী ছিলেন ওই ট্রলারে।

*******************************************************************
********